



WELFARE ASSOCIATION OF TELEVISION PRODUCERS (WATP)

সুধী

গত ২১শে সেপ্টেম্বর ২০২৪ আমাদের সহকর্মী শ্রীমতি তনুশ্রী দাস গায়ে কেরোসিন ঢেলে আত্মহত্যার চেষ্টা করেন। তার কন্যা শ্রীযুক্তা অঙ্কিতা দাস এমতাবস্থায় তনুশ্রীকে উদ্ধার করেন এবং হাসপাতালে নিয়ে আসেন। তার এবং চিকিৎসকদের মিলিত তৎপরতায় তনুশ্রী এ যাত্রায় বেঁচে যান। শেষ খবর অনুযায়ী তিনি এখন অপেক্ষাকৃতভাবে বিপদমুক্ত এবং পর্যবেক্ষণের মধ্যে রয়েছেন।

এই ঘটনাটিকে নিছকই একটি বিক্ষিপ্ত ঘটনা ভাবলে ভুল ভাবা হবে। তাই বিষয়টির উপর সর্বসাধারণের জন্য আমাদের তরফ থেকে খানিক আলোকপাতের প্রয়োজন।

তনুশ্রী শুধুমাত্র আত্মহত্যার চেষ্টা করেননি বরং বলা ভালো করতে বাধ্য হয়েছেন। হেয়ার ডেসার গিল্ড এর আইনবিরুদ্ধ দাওয়াগিরি এবং তাদের মাথার উপর বসে থাকা ফেডারেশনের খেট কালচারের সামনে মাথা নোয়াতে বাধ্য হয়েছেন।

এই টলিউড ইন্ডাস্ট্রিতে এমন তনুশ্রীরা একা নন। শত শত কলাকুশলী, ব্যবসায়ী এবং বিনিয়োগকারীরা এই খেট কালচার ও দুর্নীতির শিকার। কিছু মানুষ চাপের কাছে মাথা নিচু করে কোনরকমে কাজ চালিয়ে যাচ্ছেন, বাকিরা হয়তো তিলে তিলে তনুশ্রীর পথে এগোচ্ছেন।

ভাবতে অবাক লাগে, একটা স্বাধীন দেশে স্বাধীনভাবে আইন মেনে কাজ করার কথা বলতেও মানুষের সাহস লাগে। আমরা যারা চলচ্চিত্র, ধারাবাহিক, বিজ্ঞাপন আর OTT প্রযোজনা করি, তাদের প্রতি মুহূর্তে কাজ বন্ধ করে দেওয়ার খেট এর মধ্যে দিয়ে এগোতে হয়। টেলিকাস্ট বন্ধ হলে বিপুল অর্থের আইনি ক্ষতিপূরণের ভয়। অতএব মুখ বন্ধ আর হাত জোড়। Right to livelihood, right to association এর মত সাংবিধানিক অধিকারকে এখানে হেসে উড়িয়ে দেওয়া হয়। সারাদেশে যখন মাননীয় কম্পিটিশন কমিশন এবং মাননীয় সুপ্রীম কোর্টের রায় কে মান্যতা দিয়ে কাজ করা হয়, এইসব আইনী নির্দেশকে এই ফেডারেশন এবং তার ছত্রছায়ায় বেড়ে ওঠা গিল্ডগুলি মশকরা বানিয়ে রেখে দিয়েছেন। এখানে সংবিধান বা আদালতের নির্দেশ নয়, আইন তৈরি করেন তারা নিজেরা, নিজেদের সুবিধার্থে। তাতে রাজ্যে শিল্প হলো বা না হল, তাতে কারোর কিছু এসে যায় না। একাধিক দেশী বিদেশী সংস্থা এভাবে বাংলায় শুটিং বন্ধ করে দিয়েছেন। বাকিরা একান্ত দরকার না হলে এড়িয়ে চলে। বেঁচে আছি শুধু আমরা, যারা বাংলা ভাষায় কাজ করি বলে বাংলার বাইরে কাজ করার গতি নেই, তারা।



WELFARE ASSOCIATION OF TELEVISION PRODUCERS (WATP)

নিয়োগ কারী প্রোডাকশন কোম্পানি হিসেবে আমাদের ভূমিকা অনেকটা কাঠের পুতুলের মত। কোন কাজ কাকে দিয়ে করানো যাবে, তিনি কতটা কাজ করার পর চাপ অনুভব করবেন, কোন কাজে হাত দিতে পারবেন বা কোন কাজে পারবেন না, কত টাকা পাবেন, কটা অবধি কাজ হবে, কোন গাড়িতে শুটিং অন্দি পৌছাবেন, একদিন কেউ না এলে তার পরিবর্তে কে আসবেন, ইত্যাদি সব তারাই সিদ্ধান্ত নেন। একটা সৃজনশীল ক্ষেত্রে, নিয়োগকর্তা কাকে দিয়ে কাজ করাতে চান, কি নিয়ম মেনে তার ছুটি হবে, কার পরিবর্তে কে কাজ করবেন, এইটুকু সিদ্ধান্ত নেওয়ার অধিকারও তাদের হাতে নেই। তাই স্বভাবতইঃ কাজের জন্য যোগ্যতার থেকে অনেক বেশি জরুরি হয়ে দাঁড়ায় স্বজনপোষণ ও আর্থিক দুর্নীতি।

যারা সেই দলবাজিতে থাকেন, তারা ফুলে ফেঁপে ওঠেন, আর বাকিরা মুখ বুজে মানতে মানতে আর অপমান সহ্য করতে করতে একটু একটু করে তনুশ্রী দের রাস্তায় এগিয়ে চলেন। আজ একজনের ধৈর্যের বাঁধ ভেঙেছে বলে হয়তো বিষয়টি খানিকটা হলেও সামনে আসছে। ভবিষ্যতে যদি এমন বাকি তনুশ্রী রা চাপের কাছে মাথা নুইয়ে হার মেনে নিয়ে চরম পথটি বেছে নেন, আমরা তখনও নিজেদের ক্ষমা করতে পারব তো?

চরম কিছু হওয়ার আগে তার একাধিক ইঙ্গিত কে এড়িয়ে যাওয়াটাই বোধহয় আমাদের অভ্যেস হয়ে গেছে। কিন্তু আর নয়। অন্ততঃ চলচ্চিত্র, ধারাবাহিক, বিজ্ঞাপন ও OTT প্রযোজনা সংস্থা হিসেবে আমাদের এবার সামনে এগিয়ে এসে সত্যি কথাটা বলতে হবে। প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করতে হবে। খেট কালচারে আমাদের আর চুপ করিয়ে রাখা যাবে না। আইন মেনে, সংবিধান মেনে কাজ হবে। মানুষ শুধুমাত্র মেধার ভিত্তিতেই কাজ পাবেন। বাধা এলে জনস্বার্থ মামলা হবে।

প্রশাসনের কাছে অনুরোধ - বিষয়টি একটু তলিয়ে দেখা হোক। যেকোন মুহূর্তে আলোচনায় যেতে আমরা রাজি। শুধু আমাদের নির্ভয়ে আইন মেনে কাজ করার পরিবেশ এনে দিন। আমরাও কথা দিচ্ছি, চলে যাওয়া বিনিয়োগ আমরা ফিরিয়ে আনবই। কোন অনুগ্রহ আমরা চাই না। যেভাবে সারা দেশে, বাকি রাজ্যে কাজ হয়, এখানেও সেভাবেই কাজ হোক। আপনাদের সমর্থন থাকলে টলিউডকে কেউ দুর্নীতির আঁতুড়ঘর বানাতে পারবে না। তাই আশা করছি আপনারা সবাই আমাদের পাশে থাকবেন।

ধন্যবাদান্তে

TECHNICIANS' STUDIO, MAHANAYAK UTTAMKUMAR ROAD, TOLLYGUNGE,
KOLKATA, WEST BENGAL 700040



WELFARE ASSOCIATION OF TELEVISION PRODUCERS (WATP)

Acropoliis Entertainment

Bangla Talkies

Blues

Boyhood Production

Chitrayan

Crazy Ideas Media

Eskay Video

Little Boxes Communication

Magic Moments Motion Pictures

Missing Screw Manoranjan

Nideas Creations and Productions

Nini Chini's Mamma's Productions

Organinc Studios

Roadshow Films

SVF Entertainment

Teamwork

Tent Cinema

Trickster & Span Productions



TECHNICIANS' STUDIO, MAHANAYAK UTTAMKUMAR ROAD, TOLLYGUNGE,
KOLKATA, WEST BENGAL 700040